গাংনীতে শিক্ষক কল্যাণ সমিতির জমি দখলমুক্ত করতে সংঘর্ষ আহত ১৬

মেহেরপুরের গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষক কল্যাণ সমিতির কার্যালয়ের জমি দখলকে কেন্দ্র করে দু’পক্ষের মধ্যে সৃষ্ট সংঘর্ষে ছয় শিক্ষক ও নারীসহ অনন্তত ১৬ জন আহত হয়েছেন।

আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে। আজ মঙ্গলবার(২২ আগষ্ট) বেলা ১১ টার সময় গাংনী পৌর এলাকার-মেহেরপুর সড়কের বাঁশবাড়িয়া এলাকায় অবস্থিত শিক্ষক কল্যাণ সমিতির কার্যালয়ের সামনে লাঠিশোঠা নিয়ে এক রক্তক্ষয়ি সংঘর্ষের ঘটনা ঘটে।

আহত শিক্ষকরা হলেন- উপজেলা মাধ্যমিক শিক্ষক কল্যাণ সমিতির সভাপতি ও গাংনী পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক আফজাল হোসেন(৫৫) জিলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক আলমগীর হোসেন মিঠু, এইচবি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজু আহমেদ,সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রশিদ, রামনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাবিবুর রহমান লিখন, ও গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক রায়হান আলী। শিক্ষকদের ওপর হামলাকারিদের দ্রত গ্রেপ্তারের দাবী জানিয়ে সড়ক অবরোধ করেন শিক্ষকরা।

অপরদিকে শিক্ষকদের হামলায় কার্যালয়ের জমি দখলকারিদের মধ্যে নারীসহ অন্তত দশজন আহত হয়েছেন। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুষ্টিয়া মেডিকেলে ভর্তি করা হয়েছে।

আহতরা হলো-বাঁশবাড়িয়া গ্রামের নিজাম উদ্দিন-(৪০), মিজান (২৫), মুজাম (৩৫), সোহেলী খাতুন (২৫), সুমাইয়া (২২), হাবিবা খাতুন
(৪০) শহিদুল ইসলাম (৫০), শিপন আলী (২০), সোহরাব হোসেন (৩০), ইমরান আলী (২৫), নাজিরা খাতুন (২৫)।
আহতদের মধ্যে মুজাম ও সোহেলীর অবস্থা আশংকাজনক হওয়ায় তাদের দুজনকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে।

আধা ঘন্টা যাবত সংঘর্ষের সময় গাংনী থানা পুলিশের একটি টীম

পক্ষের লোকজন জখম হয়েছে। জখম হওয়া ব্যক্তিরা চিকিৎসাধীন রয়েছেন। বর্তমানে পরিস্থিতি থমথমে। এখনও কোন পক্ষ থেকে অভিযোগ পাইনি। অভিযোগ পেলে আইনী ব্যবস্থা নেয়া হবে।

নীতি ও নৈতিকতার শিক্ষা প্রাথমিক থেকেই শিশুরা পেয়ে থাকে —- প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি

মেহেরপুরে রেজিঃ প্রাথমিক বিদ্যালয়গেুলার জাতীয়করণের ১০ম বর্ষপূর্তি উপলক্ষে প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

গতকাল শুক্রবার বিকালে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতি মেহেরপুর মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এ আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা শাখার সভাপতি মোঃ কমর উদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফারহাদ হোসেন এমপি।

এসময় তিনি বলেন, একটি শিশুর লেখাপড়ার প্রতি আগ্রহ তৈরি করার ক্ষেত্রে প্রাথমিক শিক্ষার অবদান সব থেকে বেশি। নীতি ও নৈতিকতার অনেক বিষয়ে আছে যেগুলো প্রাথমিক শিক্ষার মাধ্যমে ছোট্ট শিশু মনে কিভাবে তৈরি করতে হয় আপনারা তাদেরকে সে শিক্ষা দিয়ে থাকেন। কিভাবে বড়দের সম্মান করতে হয়, কিভাবে কথা বলতে হয়। বাবা মায়ের হক কি আছে, বাবা মার সাথে কথা কিভাবে বলতে হয়। একই সাথে ইতিহাসের কিছু বিষয় ও জীবনে যারা সফল হয়েছে তাদের জীবন কেমন ছিলো এবং লেখাপড়ার বিষয়ে ব্যাপকভাবে আগ্রহ করে গড়ে তোলাই কিন্তু প্রাথমিক শিক্ষার মূল লক্ষ্য।